

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৭৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৭. ঘরে সালাত আদায়ের পর পুনরায় জামা আতে আদায় করা

باب فِيمَنْ صلَّى فِي مَنْزِلِهِ ثُمَّ أَدْرَكَ الْجَمَاعَةَ يُصلِّي مَعَهُمْ

#### আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا مَعْنُ بْنُ عِيسَى، عَنْ سَعِيدِ بْنِ السَّائِبِ، عَنْ نُوحِ بْنِ صَعْصَعَةَ، عَنْ يَزِيدَ بْنِ عَامِرٍ، قَالَ جِئْتُ وَالنَّبِيُّ صلى الله عليه وسلم فِي الصَّلَاةِ فَجَلَسْتُ وَلَمْ أَدْخُلْ مَعَهُمْ فِي الصَّلَاةِ فَجَلَسْتُ وَلَمْ أَدْخُلْ مَعَهُمْ فِي الصَّلَاةِ مَالِله عليه وسلم فَرَأَى يَزِيدَ مَعَهُمْ فِي الصَّلَاةِ مَا يَزِيدُ ". قَالَ بَلَى يَا رَسُولُ اللهِ قَدْ أَسْلَمْتُ . قَالَ " فَمَا مَنَعَكَ جَالِسًا فَقَالَ " أَلَمْ تُسْلِمْ يَا يَزِيدُ ". قَالَ بَلَى يَا رَسُولَ اللهِ قَدْ أَسْلَمْتُ . قَالَ " فَمَا مَنَعَكَ جَالِسًا فَقَالَ " أَلَمْ تُسْلِمْ فِي صَلَاتِهِمْ ". قَالَ إِنِّي كُنْتُ قَدْ صَلَيْتُ فِي مَنْزِلِي وَأَنَا أَحْسِبُ أَنْ قَدْ صَلَيْتُمْ . فَقَالَ " إِذَا جِئْتَ إِلَى الصَّلَاةِ فَوَجَدْتَ النَّاسَ فَصَلِّ مَعَهُمْ وَإِنْ كُنْتَ قَدْ صَلَيْتُ مَعَهُمْ وَإِنْ كُنْتَ قَدْ صَلَيْتُهُ . وَقَالَ " إِذَا جِئْتَ إِلَى الصَّلَاةِ فَوَجَدْتَ النَّاسَ فَصَلِّ مَعَهُمْ وَإِنْ كُنْتَ قَدْ صَلَيْتُ مَعَهُمْ وَإِنْ كُنْتَ قَدْ صَلَيْتُ مَا لَكَ نَافِلَةً وَهَذَهِ مَكْتُوبَةً " .

\_ ضعيف: المشكاة ٥١١٥

### বাংলা

৫৭৭। ইয়াযীদ ইবনু 'আমির (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে তাঁকে সালাতরত পেয়ে তাঁদের সাথে সালাত আদায়ে শামিল না হয়ে বসে পড়লাম। সালাত শেষে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার দিকে ফিরে ইয়াযীদকে বসে থাকতে দেখে বললেনঃ তুমি কি ইসলাম গ্রহণ করনি, হে ইয়াযীদ (রাঃ) বলেন, অবশ্যই হে আল্লাহর রসূল! আমি ইসলাম গ্রহণ করেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তাহলে কেন তুমি লোকদের সাথে জামা'আতে শামিল হওনি? ইয়াযীদ (রাঃ) বলেন, আমি ভেবেছিলাম আপনারা সালাত আদায় করে ফেলেছেন, তাই আমি বাড়িতে সালাত আদায় করে ফেলেছি। তিনি বললেনঃ তুমি মসজিদে এসে লোকদের সালাতরত পেলে তাদের সাথে সালাতে শরীক হবে, যদিও তুমি তা আগে আদায় করে থাক। সেটা (জামা'আতের সাথে আদায়কৃত সালাত) তোমার জন্য নফল হিসেবে এবং এটা (ঘরে আদায়কৃত সালাত) ফর্য হিসেবে গণ্য হবে।[1]

দুর্বল : মিশকাত ১১১৫।



## **English**

#### Narrated Yazid ibn Amir:

I came while the Prophet (\*\*) was saying the prayer. I sat down and did not pray along with them. The Messenger of Allah (\*\*) turned towards us and saw that Yazid was sitting there. He said: Did you not embrace Islam, Yazid? He replied: Why not, Messenger of Allah; I have embraced Islam. He said: What prevented you from saying prayer along with the people? He replied: I have already prayed in my house, and I thought that you had prayed (in congregation). He said: When you come to pray (in the mosque) and find the people praying, then you should pray along with them, though you have already prayed. This will be a supererogatory prayer for you and that will be counted as obligatory.

## ফুটনোট

[1] বায়হাকী (২/৩০২), দারাকুতনী (১/২৭৬), মা'আন ইবনু ঈসা সূত্রে। ইমাম বায়হাকী বলেন, ইয়াযিদ আল আসওয়াদের হাদীসের চেয়ে বেশি প্রমাণযোগ্য ও অগ্রগণ্য। ইমাম দারাকুতনী বলেন, এর বর্ণনাটি দুর্বল। শায। উল্লেখ্য, মিশকাতের তাহকীকে রয়েছেঃ এর সন্দ সহীহ এবং একদল একে সহীহ বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন